

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র স্পেশাল জজ, সিলেট মহানগর।

প্রজ্ঞাপন

যেহেতু নিম্নে তফশীলে উল্লিখিত আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ও ফ্রোকী পরোয়ানা জারি হইয়াছে এবং যেহেতু ফৌজদারি কার্যবিধির ১৮৯৮ এর ৮৭ ও ৮৮ ধারার বিধান মতে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু অত্র আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, উক্ত আসামি গ্রেফতার বা বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং আসামি আশু গ্রেফতার হইবার কোনো সম্ভাবনা নাই, সেইহেতু ফৌজদারি কার্যবিধির ৩৩৯ বি(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আসামিকে তাহার নামের পার্শ্বে বর্ণিত মামলার বিচারের নিমিত্তে The Criminal Law Amendment Act, 1958 এর 6(1A) ধারার বিধানমতে অফিসিয়াল গেজেটে প্রজ্ঞাপন প্রকাশ করা আবশ্যিক। প্রজ্ঞাপন প্রকাশের ১৫ (পনের) দিবসের মধ্যে সিনিয়র স্পেশাল জজ, সিলেট মহানগর আদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া গেল। অন্যথায় আসামির অনুপস্থিতিতে বিচারকার্য অগ্রসর করা হইবে।

তপশীল

ক্রমিক নং	আসামির নাম ও ঠিকানা	মামলার নাম্বার ও ধারা	আগামী তারিখ
০১।	আসামির নাম : ০১। জনাব এ. এফ. এম তাজুল ইসলাম, পরিদর্শক, (টেলিফোন রাজস্ব অফিস), বিটিসিএল তালতলা, সিলেট, স্থায়ী ঠিকানা : পিতা : মৃত মৌলভী আ: গফুর, সাং-উমেদনগর, থানা-হবিগঞ্জ সদর, জেলা-হবিগঞ্জ।	স্পেশাল মামলা : ০১/২০২৩, (কোতয়ালী থানার মামলা নং-২৩, তারিখ : ০৯-০৯-২০১৮ খ্রি:, কোতয়ালী জিআর : ৪৪১/২০১৮)। ধারা : দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২) ও ২৭(১) দণ্ড বিধি ধারা মোতাবেক।	আগামী ধার্য তারিখ : ০৩-০৩-২০২৪ইং

এ.কিউ.এম নাছির উদ্দীন  
সিনিয়র স্পেশাল জজ,  
সিলেট মহানগর।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৪৪১)

মূল্য : টাকা ৪.০০